

# কেরয়ার guide

বৃহস্পতিবার ১৩ মে ২০২১ ৭



ডিজিটাল যুগে শুধু বইয়ের নাম জানলেই চলবে না, উন্নত প্রযুক্তিতেও দক্ষ হতে হবে। কেননা, স্কুল, কলেজ থেকে পাঢ়ার লাইব্রেরি, সবটাই অনলাইন। শিক্ষাপ্রতিষ্ঠান যেমন বাড়ছে, তেমনই চাহিদা বাড়ছে লাইব্রেরি অফিসারদের। সেই সঙ্গে যোগ হচ্ছে অনেক নতুন সুযোগও। তাই তো লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স নিয়ে পড়ে ছাত্রছাত্রীরা দেশ-বিদেশে দারুণ চাকরির অফার পাচ্ছে, সে কথাই জানালেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের বিভাগীয় প্রধান ড. সুমিতা চক্রবর্তী লিখলেন **কোয়েল মুখোপাধ্যায়**

**লা**ইব্রেরি মানেই তথ্যভান্নার। এই দুইয়ের যোগসূত্র তাই সুনিবিড়। স্কুলে লাইব্রেরির ক্লাস করোনি, এমন পড়ুয়া মেলা দুষ্কর! কিন্তু তা বলে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সকে কেউ শুধুই সেই ক্লাসগুলিতে হওয়া, বই নেওয়া আর জমা দেওয়ার মধ্যে সীমাবদ্ধ রাখতে চাইলে ভুল করবেন। কারণ এই বিষয়টির ব্যাপ্তি বিশাল, গণি সীমাহীন। মৌলিক স্তরে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন স্টাডিজ নামে পরিচিত হলেও উচ্চস্তরে এটি স্বীকৃত লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স হিসাবে। কারণ আরেখের গোটাটাই ইনফর্মেশন।

#### বিএ বা বিএসসি

স্কুলে নয়। এই বিষয়ে পড়াশোনা শুরু স্নাতক স্তরে। লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন স্টাডিজ (এলআইএস) নিয়ে বিএ অনার্সও করা যায় আবার বিএসসি-ও। সায়েন্স বা আর্টস, যে কোনও শাখা থেকে আসা যায়। বিএ অনার্স পড়লে আর্টসের বিষয়গুলিকে (যেমন ইতিহাস, এডুকেশন) পাসে পড়তে হবে। বিএসসি অনার্সে কেমিস্ট্রি, জুওলজি, গণিত, বটানি, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স পাসে রাখা যায়।

#### কলেজ বেছে নাও

খুব বেশি কলেজে পড়ানো না হলেও ছবিটা দ্রুত বদলাচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয় আরও বেশি কলেজকে এলআইএস পড়ানোর অনুমোদন দিতে ইচ্ছুক। বর্তমানে এলআইএস পড়ানো হচ্ছে মহারাণী কাশীশ্বরী কলেজ (শ্যামবাজারের রাজা মণিন্দ্রচন্দ্র কলেজের প্রাতঃ বিভাগ), জালান কলেজে।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সবং

কলেজেও পড়ানো হয়। সবই সেলফ ফাইন্যান্স কোর্স।

কলকাতা বিশ্ববিদ্যালয়ে আগে এই বিষয়ে পাঁচ বছরে (৩+২) ইন্টিগ্রেটেড কোর্স করানো হত। এখন কলকাতা বিশ্ববিদ্যালয়ে শুধু স্নাতকোভ্যরে পড়ানো হয়, দুই বছরের কোর্স।

#### স্নাতকস্তরে সিট বেশি

কলেজে সিট ১০টি। সংখ্যাটা বাড়ানোর কথা চলছে। পোস্ট প্র্যাজুয়েশন বা এমএলআইএসে ২৪টি সিট আছে।

#### ১০ + ২-এ কত পেয়েছো

উচ্চমাধ্যমিকের নম্বরের ভিত্তিতে অনার্সে

ভর্তি হয়। মহারাণী কাশীশ্বরী কলেজে,

বিএ পড়তে গেলে উচ্চমাধ্যমিকে সংশ্লিষ্ট বিষয়গুলিতে ৪৫ শতাংশ নম্বর আবশ্যিক। বিএসসি-তেও নম্বরের হার একই।

তবে কলকাতা বিশ্ববিদ্যালয়ে আগে পরীক্ষা নিয়ে ভর্তির চল থাকলেও ২০২০ সাল থেকে ‘সেন্ট্রালাইজড’, ‘অটোমেটেড’ ভর্তি প্রক্রিয়া চালু হয়েছে। টেটাল মার্কস ও বিষয়ে প্রাপ্ত নম্বর দেখেই ভর্তি। ক্লাস এখন অনলাইনেই হচ্ছে।

#### খরচ সাধ্যের মধ্যেই

বিএ, বিএসসি-তে ভর্তিতে ৪,০০০-৪,৫০০ টাকা লাগে। এছাড়া সেমেষ্টার পিছু সামান্য খরচ হয়। মহারাণী

ওয়েবসাইট ডিজাইনিং, ইন্টারন্যাশনাল অ্যান্ড কম্পারেটিভ লাইব্রেরিয়ানশিপ।

#### উচ্চশিক্ষার জন্য

স্নাতকের পর পড়তে হবে এমএলআইএস। দু'বছরের ইন্টিগ্রেটেড কোর্স। কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়াও যদিব্যপুর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে পড়ানো হয়। পিএইচডি-ও হয়।

#### কর্মসংস্থানের সুযোগ

আগের তুলনায় সুযোগ বেড়েছে। সরকারি-বেসরকারি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের প্রাচুর্যাগার ছাড়াও পাবলিক

## গন্তব্য রাজ্যের বাইরে

এলআইএস পড়ার জন্য জাতীয় স্তরের দু'টি প্রতিষ্ঠান হল এনআইএসসি এবং এনআইএসটিএডিএস। দিল্লি বিশ্ববিদ্যালয়, মুম্বই বিশ্ববিদ্যালয়ে এমএলআইএস পড়া যায়। এখন দেশে-বিদেশে ‘আই স্কুল’ তথা ইনফর্মেশন স্কুল জনপ্রিয়।



[www.caluniv.ac.in](http://www.caluniv.ac.in)

কাশীশ্বরী কলেজে বিএসসি-তে ভর্তিতে লাগে ৩,৯৯০ টাকা,

বিএ-তে ৩,১৮৫ টাকা।

#### আইসিটি, ডিজিটাল কলেজে

গত ১০ বছরে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে অনেক পরিবর্তন এসেছে। বহু-

স্তরীয় এই বিষয়ের মধ্যে রয়েছে আইসিটি তথা ইনফর্মেশন সায়েন্স, ই-রিসোর্সেস, গণিত, স্ট্যাটিস্টিক্স-সহ অনেক কিছু।

উল্লেখযোগ্য পেপারগুলি হল ডিজিটাল

কলেজে ম্যানেজমেন্ট পেপার, রিসার্চ

মেথডোলজি, আইসিটি অ্যাপ্লিকেশনস,

লাইব্রেরি, ন্যাশনাল লাইব্রেরি, প্রামীণ লাইব্রেরি, ইনফর্মেশন সেন্টার, ডেটা সেন্টার, মেডিক্যাল কলেজ লাইব্রেরিতে নিয়োগ হয়। কলেজে কর্মরত লাইব্রেরিয়ানরা কলেজের গভর্নর্স বড়ির মেম্বার, চিচার্স কাউন্সিলের সদস্যও হন। বিশ্ববিদ্যালয়ে প্রাচুর্যাগারগুলিতে ডেপুটি লাইব্রেরিয়ান, লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরিয়ান অ্যাটেনডেন্টের পোস্ট রয়েছে। তাছাড়াও রয়েছে ইনফর্মেশন অফিসার, ইনফর্মেশন সায়েন্সিস্ট, ডেটা অ্যানালিস্ট, ডেটা ম্যানেজার, সিস্টেম অ্যানালিস্টের মতো পদ। আইএসিআর, আইএসিএমআর প্রত্তি সরকারি রিসার্চ ল্যাবে সায়েন্টিস্টও হওয়া যায়।